



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২৬৬৪

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/মুসীগঞ্জ-৩২/ ২৬৬৪

তারিখ ১০/১০/২০১৭খ্রিঃ

বিষয় : অনুমোদিত গভার্ণিং বডি'র সভাপতি পদ বাতিলসহ পূর্নাজ কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না তার কারণ দর্শানো নোটিশ প্রসঙ্গে।


সূত্র : ১) স্মারক নং- ০৫.৩০.৫৯০০.২১১.০৬.০২২.১৬-২১(সং); তারিখঃ ১৫/০১/২০১৭খ্রিঃ

২) নং- বামাশিবো/প্রশা/মুসীগঞ্জ-৩২/১৪৯৯/৪; তারিখঃ ২৭/১০/২০১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মুসীগঞ্জ জেলার সদর উপজেলাধীন মুসীগঞ্জ আদর্শ আলিম মাদরাসার অধ্যক্ষ (বরখাস্তকৃত) মোঃ মাহবুবুর রহমান এবং সভাপতির বিরুদ্ধে উক্ত মাদরাসার টিচার ইনচার্জ মাওলানা মোনায়েম খাঁন একথানা অভিযোগ বোর্ডে দাখিল করেন। অভিযোগপত্রে মোঃ মাহবুবুর রহমান, অধ্যক্ষ (বরখাস্তকৃত) এবং সভাপতির বিরুদ্ধে স্বচ্ছচারিতা, স্বজনপ্রীতি, অনৈতিক কার্যকলাপে লিপ্ত থাকা, অবৈধভাবে গভার্ণিং বডি গঠনসহ বিভিন্ন অনিয়মের বিষয়ে উল্লেখ করা হয়।

২) অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সূত্রে উল্লিখিত ২নং জেলা প্রশাসক, মুসীগঞ্জ-কে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে জেলা প্রশাসক, মুসীগঞ্জ সূত্রোক্ত ১নং স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেছেন। তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, অধ্যক্ষ (বরখাস্তকৃত) মোঃ মাহবুবুর রহমান এবং সভাপতির বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ সঠিক মর্মে প্রমাণিত হয়েছে। এছাড়া তদন্তকারী কর্মকর্তা বিদ্যমান গভার্ণিং বডি ভেঙ্গে দেয়ার বিষয়ে সুপারিশ করেছেন।

বর্ণিত অবস্থায় তদন্ত প্রতিবেদন সুপারিশের আলোকে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং-বামাশিবো/প্রশা/২৩২/৪/ মুসীগঞ্জ-৩২; তারিখঃ ০৭/০৩/২০১৬খ্রিঃ স্মারকে অনুমোদিত গভার্ণিং বডি'র সভাপতি পদ বাতিলসহ পূর্নাজ কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে তার সন্তোষজনক জবাব নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।


5.2.17

প্রফেসর মোঃ মজিবুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) সভাপতি/সদস্যবৃন্দ-গভার্ণিং বডি, মুসীগঞ্জ আদর্শ আলিম মাদরাসা, সদর, মুসীগঞ্জ

২) অধ্যক্ষ, মুসীগঞ্জ আদর্শ আলিম মাদরাসা, সদর, মুসীগঞ্জ।

নং- বামাশিবো/প্রশা/মুসীগঞ্জ-৩২/

তারিখ : /০২/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :-

১. জেলা প্রশাসক, মুসীগঞ্জ।
২. উপজেলা নির্বাহী অফিসার, সদর, মুসীগঞ্জ।
৩. জেলা শিক্ষা অফিসার, মুসীগঞ্জ।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, মুসীগঞ্জ।
৫. জনাব মোঃ মোনায়েম খান, টিচার ইনচার্জ, মুসীগঞ্জ আদর্শ আলিম মাদরাসা, সদর, মুসীগঞ্জ।
৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬৭৪৮৭৪